



সাধারণ বীমা কর্পোরেশন

প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।



স্বাধীনতার মহান স্বপ্তি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে

‘বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি’-এর সভার কার্যবিবরণী।

সভার সভাপতি	: জনাব খসরু দস্তুরীর আলম, ডেপুটি জেনারেল ম্যানেজার, প্রশাসন ও আইন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।
সভায় উপস্থিতি	: কমিটির মাননীয় সদস্যবর্গ।
সভার স্থান	: এম.ডি. সচিবালয় (১০ম তলা), প্রধান কার্যালয়, সাধারণ বীমা কর্পোরেশন।
সভার তারিখ	: ১৫ মার্চ, ২০২০ / ০১ চৈত্র, ১৪২৬
সময়	: ০২:০০ ঘটিকা

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি বাংলাদেশের স্বাধীনতার মহান স্বপ্তি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সংস্থার প্রণীত কর্মপরিকল্পনা/কর্মসূচী বাস্তবায়নের নিমিত্তে আয়োজিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়। তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে দিবস'টি উদযাপনের বিষয়ে গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করেন এবং মন্ত্রগালয়ের ১৫-০৩-২০২০ তারিখের সভার সিদ্ধান্তের আলোকে এবং আইডিওরএ-এর কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের উপর গুরুত্বারোপ করেন। এরপর সভাপতি মহোদয় আলোচনা শুরু করে সভা পরিচালনার জন্য প্রশাসন বিভাগের ম্যানেজার ও বর্গিত কমিটির সদস্য সচিব জনাব সৈয়দ দৌলত মোর্শেদ'কে অনুরোধ করেন। সভায় বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষ্যে মতামত প্রদানের জন্য কমিটির সম্মানিত সকল সদস্যগণকে অনুরোধ করা হয় এবং কমিটির সদস্যবৃন্দ উত্ত বিষয়ে বিভিন্ন মতামত প্রদান করেন। উল্লেখিত মতামতের ভিত্তিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী দেশজুড়ে বর্ণাদ্য আয়োজনের মধ্য দিয়ে উদযাপনের লক্ষ্যে সাধারণ বীমা কর্পোরেশনের জন্য নিম্নলিখিত কর্মসূচী নির্ধারণ করা হয়ঃ-

- ১। সাবীক প্রাঞ্জনে ১৭-০৩-২০২০ তারিখ সকাল ৮:০০ ঘটিকায় পূর্ণাঙ্গ কমিটি, উপকমিটি ও কর্মচারী ইউনিয়নের প্রতিনিধির উপস্থিতিতে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নেতৃত্বে যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক জাতীয় পতাকা উত্তোলন।
- ২। দণ্ডের প্রধানের নেতৃত্বে কমিটির সদস্যবৃন্দ ও সিনিয়র কর্মকর্তাগণসহ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শুক্র জ্ঞাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এতদবিষয়ে পুষ্পমাল্য প্রস্তুতকরণের জন্য জনসংযোগ বিভাগের ম্যানেজার-কে দায়িত্ব প্রদান করত ১৭-০৩-২০২০ তারিখ সকাল ৮:০০ ঘটিকার মধ্যে প্রধান কার্যালয়ে উপস্থিত হবার জন্য নির্দেশ প্রদান করা হয়।
- ৩। জাতীয় কমিটির নির্দেশনার আলোকে ১৭ই মার্চ ২০২০ হতে বঙ্গবন্ধুর ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সংযোগে সম্মিলিত সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ড্রপডাউন ব্যানার ব্যবহার ও মুজিববর্ষ উদযাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেন্টন ইত্যাদির মাধ্যমে সাবীকের নিজস্ব ভবনসমূহ (প্রধান কার্যালয়, চট্টগ্রাম জেন, খুলনা জেন ও রাজশাহী জেন, বগুড়া শাখা) সজ্জিতকরণ ও আলোক সজ্জার ব্যবস্থা প্রাপ্তিশেষের সিদ্ধান্ত গৃহীত হয়। এতদসংক্রান্ত গঠিত উপ-কমিটি ব্যানার, ফেন্টন ইত্যাদির মাপ ও নমুনা নির্দেশনা অনুযায়ী প্রস্তুত করবে এবং প্রধান কার্যালয় এবং সংশ্লিষ্ট দণ্ডেরসমূহে স্থাপন ও প্রেরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও নির্দেশনা প্রদান করবে।
- ৪। ১৬-১৮ মার্চ, ২০২০ পর্যন্ত সাবীকের সকল শাখা/কার্যালয়ে সৌন্দর্যবর্ধন ও পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে সংশ্লিষ্ট উপ-কমিটি দায়িত্ব পালন করবে।
- ৫। মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহীত সকল কার্যক্রমের (প্রধান কার্যালয় ও জেন) ভিডিও ধারণ করা এবং তা সংস্থার ওয়েবসাইটে আপলোড করতে হবে। এ ব্যাপারে IT বিভাগকে দায়িত্ব প্রদান করা হলো।
- ৬। মার্চ-২০২০ এর মধ্যে ঢাকা জোনস্থ সাবীক ক্রীড়া সংস্থায় মুজিববর্ষ উপলক্ষ্যে আলোচনা সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া জোনাল অফিসসমূহের আলোচনা সভায় কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে ১ জন সদস্যকে উপস্থিত থাকার নির্দেশ প্রদান করা হয়।
- ৭। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর দিনকে কেন্দ্র করে অর্থাৎ ১৭ মার্চ, ২০২০ তারিখে “বঙ্গবন্ধুসুরক্ষা বীমা পলিসি” ইস্যুর কার্যক্রম উদ্বোধনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে দায়গ্রহণ বিভাগ, প্রধান কার্যালয়-কে দায়িত্ব প্রদান করা হলো।

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় নির্ধারিত কর্মপরিকল্পনা-কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(খসরু দস্তগার আলম) ১৫।০৩।২০২০
 ডেপুটি জেনারেল ম্যানেজার (প্রশাসন)
 ও
 সদস্য
 বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি
অপর প্রাপ্ত দ্বিতীয় স্টেপ

